

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৪০৬

১/ বিবিধ

আরবী

في أبو ال الإبل وألبانها شفاء للذرية بطونهم
ضعيف جدا

رواه الطبراني (3/185/1) عن ابن لهيعة: نا عبد الله بن هبيرة عن حنش عن

ابن عباس مرفوعا

ومن هذا الوجه رواه أبو نعيم في " الطب " (9 - 10 نسخة السفرجلاني)

قلت: وهذا إسناد ضعيف جدا. وفيه علتان

الأولى: حنش هذا اسمه الحسين بن قيس، وهو متروك كما قال الحافظ في " التقريب

والأخرى: ابن لهيعة واسمه عبد الله وهو ضعيف

বাংলা

১৪০৬। উটের পেশাব ও তার দুধের মধ্যে যাদের পেটে বদহজমী রোগ হয়েছে তাদের জন্য আরোগ্য রয়েছে।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটিকে ত্ববারানী "আলমুজামুল কাবীর" গ্রন্থে (৩/১৮৫/১) ইবনু লাহীয়াহ সূত্রে আব্দুল্লাহ ইবনু হুবায়রাহ হতে, তিনি হানাশ হতে, তিনি আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন। এ সূত্রেই আবু নুয়াইম "আততিব্ব" গ্রন্থে (৯-১০) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ দুটি কারণে এ সনদটি খুবই দুর্বলঃ

১। বর্ণনাকারী খানাশের নাম হচ্ছে হুসাইন ইবনু কায়েস। তিনি মাতরুক যেমনটি হাফিয ইবনু হাজার "আত-

তাকরীব” গ্রন্থে বলেছেন।

২। ইবনু লাহীয়ার নাম হচ্ছে আব্দুল্লাহ তিনি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72285>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন